



Delhi Public School, Howrah

PERIODIC ASSESSMENT-1 (2024-2025)

Class- VII

Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.

Subject:- BENGALI (3RD LANGUAGE)

Time:-1 Hour

F.M.-20

১) নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখো:

(১×৪=৪)

শনি-রবিবার সন্ধ্যাবেলাটা বন্ধুবাবু যান গ্রামের উকিল শ্রীপতি মজুমদারের আড্ডায়। অনেকবার ভেবেছেন আর যাবেন না, এই শেষবার, আর না। কারণ ছাত্রদের টিটকিরি গা-সওয়া হয়ে গেলেও, বুড়োদের পিছনে লাগাটা যেন কিছুতেই বরদাস্ত হয় না। এই বৈঠকে তাকে নিয়ে অনেক ধরনের ঠাট্টা-তামাশা চলে, সেটা সত্যিই মাঝে মাঝে সহ্যের সীমা ছাড়িয়ে যায়। এইতো সেদিন দু মাসও হয়নি, ভূতের কথা হচ্ছিল। বন্ধুবাবু সচরাচর মুখ খোলেন না। সেদিন কি জানি হল হঠাৎ বলে ফেললেন যে, তার ভূতের ভয় নেই। আর যায় কোথা! এমন সুযোগ কি এসব লোকে ছাড়ে? রাত্রে বাড়ি ফেরার পথে বন্ধুবাবুকে যাচ্ছেতাইভাবে নাজেহাল হতে হল। মিত্রিরদের তেঁতুল গাছটার তলায় কে এক লিকলিকে লম্বা লোক ভুসোটুসো মেখে অন্ধকারে তার পিঠের ওপর পড়লো ঝাঁপিয়ে। এই আড্ডারই কারোর চক্রান্ত আর কি। ভয় অবিশ্যি পাননি বন্ধুবাবু। তবে চোট লেগেছিল। তিন দিন ঘাড়ে ব্যথা ছিল। আর সবচেয়ে যেটা বিশ্রী- তার নতুন পাঞ্জাবীটা কালি-টালি লেগে ছিঁড়ে একাকার হয়ে গিয়েছিল। ঠাট্টার এ কী রকম রে বাপু!

ক) বন্ধুবাবু কোথায় আড্ডা দিতে যেতেন?

খ) বন্ধুবাবু অনেকবার ভেবেছেন আড্ডা দিতে যাবেন না। - কেন ভেবেছেন?

গ) ভূতের জন্য কী বিশ্রী ঘটনাটি ঘটেছিল ?

ঘ) আলো শব্দটির বিপরীত শব্দ অনুচ্ছেদ থেকে খুঁজে নিয়ে লেখো।

২) ছবি দেখে তোমার মনে যে ভাব ফুটে উঠছে তা ছয়টি বাক্যে লেখ:

(৩)



৩) অনুচ্ছেদ রচনা করো: (৩০-৪০ টি শব্দে)

(২)

পাহাড় না সমুদ্র – তোমার কোথায় ঘুরতে যেতে ভালো লাগে এবং কেন?

৪) একটি বাক্যে উত্তর দাও:

(১×৩=৩)

ক) 'বাবুরাম সাপুড়ে' কবিতাটি কার লেখা?

খ) ধান চাষের সময় কুমির কোন্ অংশ চেয়েছিল?

গ) 'বোকা কুমির সে কথা জানত না।'- বোকা কুমির কোন কথা জানত না?

৫) 'ক' বিভাগের সাথে 'খ' বিভাগ মেলাও:

(০.৫×৪=২)

ক বিভাগ

খ বিভাগ

ক) ঠাণ্ডা

অ) ক্ষতি

খ) ঠকা

আ) ছোট

গ) লাভ

ই) জেতা

ঘ) বড়ো

ঈ) গরম

৬) মানে লেখো:

(০.৫×২=১)

ক) জ্যান্ত

খ) বড্ড

৭) এলোমেলো শব্দগুলি সাজিয়ে বাক্য গঠন করো:

(১×২=২)

ক) রোজ থেকে প্রার্থনা উচিত সকালে ঘুম উঠে করা।

খ) জন্য গাছ হবে লাগাতে থেকে রক্ষা হাত গরমের অনেক পাওয়ার।

৮) নীচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:

ক) কুমির আর শিয়ালের মধ্যে কাকে তোমার বোকা বলে মনে হয়েছে? কেন তা যুক্তি দিয়ে লেখ।

(১)

খ) কেমন দুটো সাপ পেলে শিশুটি তাকে ডাঙা মেরে ঠাণ্ডা করে দিতে পারবে?

(২)